বিয়ানীবাজার উপজেলা ও পৌর বিএনপির ইফতার সম্পন্ন

ডেস্ক রিপোর্ট: বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সিলেট জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল কাহের চৌধুরী শামীম বলেছেন, আওয়ামী দুঃশাসনে অতিষ্ঠ জাতি মুক্তির প্রহর গুণছে। আগামী জাতীয় নির্বাচনে জনতার বিজয় নিশ্চিত করতে বিএনপি আন্দোলন করছে। দেশপ্রেমিক জনতার স্বতস্ফুর্ত আন্দোলনে এই সরকারের পতন এবং জনতার বিজয় নিশ্চিত হবে।

তিনি রোববার সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত আলোচনা সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন।

বিয়ানীবাজার উপজেলা বিএনপির সভাপতি এডভোকেট আহমদ রেজার সভাপতিত্বে, সাধারণ সম্পাদক ছরওয়ার হোসেন ও পৌর সাধারণ সম্পাদক জসিম উদ্দিন জুয়েলের যৌথ পরিচালনায় পৌর এলাকার ইউসুফ কমপ্লেক্স কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত ইফতার মাহফিলে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বিয়ানীবাজার পৌর বিএনপির সভাপতি মিজানুর রহমান রুমেল, সিলেট জেলা বিএনপি নেতা মাহবুবুর রহমান ফয়ছল, আশফাক আহমদ চৌধুরী, বিয়ানীবাজার উপজেলা সহ-সভাপতি দেলোয়ার হোসেন মুক্তা, আতাউর রহমান, অহিদ আহমদ তালুকদার, সায়েক আহমদ, ফয়ছল উদ্দিন, পৌর বিএনপির সহ-সভাপতি আতাউর রহমান কটন, নজরুল ইসলাম, আলকাছ উদ্দিন, নজরুল হোসেন, গোলাপগঞ্জ উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আমিন উদ্দিন আহমদ, গোলাপগঞ্জ পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক কাউন্সিলর জামিল চৌধুরী, বিয়ানীবাজার উপজেলা যুগ্ম সম্পাদক গিয়াস উদ্দিন, সরওয়ার আহমদ সুমন, জামিল আহমদ, সাংগঠনিক সম্পাদক আব্দুল করিম তাজুল, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক কামাল হুসেন।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি নেতা জালাল উদ্দিন মেম্বার, নাজিম উদ্দিন, এনু মিয়া, পৌর বিএনপি নেতা আব্দুর রাজ্জাক, সাহাব উদ্দিন বালাই, ফখরুল ইসলাম, জিল্লুর রহমান মাছুম, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক বাবর আহমদ চৌধুরী, যুগ্ম আহ্বায়ক জোবের আহমদ, জামিল আহমদ তাফাদার, আব্দুস শুকুর, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আফজাল আহমদ, জেলা ছাত্রদলের সহ-

সাধারণ সম্পাদক সাইদুর রহমান আলমগীর ও আহসান জামিল, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এমরান আহমদ, বিয়ানীবাজার কলেজ ছাত্রদলের আহ্বায়ক হাবিবুর রহমান, সদস্য সচিব মারজান আহমদ প্রমূখ। বিজ্ঞপ্তি